

বারটান-এ মতবিনিময় সভায় অংশ নিল আফগান প্রতিনিধি দল

বাংলাদেশে সফররত আফগানিস্তানের উচ্চপর্যায়ের প্রতিনিধি দল বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)- এর প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভায় অংশ নিয়েছে। বৃহস্পতিবার ০৫ জুলাই এই মতবিনিময় সভায় বারটান প্রধান কার্যালয়ে আগত প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন আফগান কাউন্সিল অফ মিনিস্টার্স সেক্রেটারিয়েট-এর মহাপরিচালক নসরুল্লাহ আরসালাই।

প্রতিনিধি দলে আফগানিস্তান ফুড সিকিউরিটি ও নিউট্রিশন সংশ্লিষ্ট সরকারি সংস্থার তের (১৩) জন উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। এছাড়া উপস্থিত ছিলেন জাতিসংঘের খাদ্য ও কৃষি বিষয়ক সংস্থার তিন (০৩) জন প্রতিনিধি সদস্যবৃন্দ। বারটান সম্মেলনকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বারটান পরিচালক কাজী আবুল কালাম (যুগ্ম সচিব), বারটান অবকাঠামো নির্মাণ প্রকল্প পরিচালক এস এম শিবলী নজির (যুগ্ম সচিব), অধ্যক্ষ ড. মোহাম্মদ আবদুহু-সহ বারটান-এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভার পরিচয়পর্ব শেষে উর্ধ্বতন প্রশিক্ষক জনাব ড. মোহাম্মদ রাজু আহমেদ বারটান এর ইতিহাস ও কর্মকাণ্ড সম্মানিত অতিথিদের সামনে উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন, টেকসই উন্নয়ন লক্ষ্য ২০৩০ ও জাতীয় পুষ্টি নীতি ২০১৫-র আলোকে জাতীয় পুষ্টি সমস্যা সমাধানে বারটান গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনা করছে। এক্ষেত্রে বিভিন্ন সংস্থার সমন্বয়ে পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনা করতে হয়।

মতবিনিময় সভায় আফগান প্রতিনিধি দলের সদস্যরা বাংলাদেশের পুষ্টিস্তর উন্নয়নে সরকারের বিভিন্ন কর্মকাণ্ড সম্পর্কে জানতে চান। বারটান বাংলাদেশের পুষ্টিস্তর উন্নয়নে কি ধরনের কাজ করছে এবং সেটি কিভাবে আফগানিস্তানের ক্ষেত্রে কাজে লাগানো যেতে পারে সেই বিষয়ে প্রতিনিধি দলের সদস্যরা বারটান কর্মকর্তাদের কাছে জানতে চান। প্রতিনিধি দলের সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন প্রকল্প পরিচালক এস এম শিবলী নজির।

পরিচালক জনাব কাজী আবুল কালাম বারটান-এ আয়োজিত মতবিনিময় সভায় অংশ নেয়ার জন্য আফগান প্রতিনিধি দলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। দুই দেশের মধ্যে এই বিষয়ক জ্ঞান বিনিময় এবং সমন্বিত কর্মকাণ্ড পরিচালনার আশাবাদ ব্যক্ত করেন সফরকারী প্রতিনিধি দলের প্রধান নসরুল্লাহ আরসালাই। আফগান প্রতিনিধি দলকে পুষ্টিকর দেশীয় ফল দিয়ে আপ্যায়ন করানো হয়।

উল্লেখ্য, জাতিসংঘের খাদ্য ও কৃষি বিষয়ক সংস্থার উদ্যোগে খাদ্যনিরাপত্তা ও পুষ্টি বিষয়ে বহুপাক্ষিক ও আন্তঃমন্ত্রণালয় সমন্বয় বিষয়ে বাংলাদেশে ০৫ দিনের শিক্ষা সফরে (০১-০৫ জুলাই) এসেছে আফগান নীতিনির্ধারনী এবং ফুড সিকিউরিটি ও নিউট্রিশন এজেন্ডার সদস্য সংবলিত প্রতিনিধি দল। বাংলাদেশের খাদ্য নিরাপত্তা ও পুষ্টি বিষয়ক বিভিন্ন নীতিমালা এবং বাংলাদেশের সফলতা পর্যবেক্ষণ এবং এর আলোকে আফগানিস্তানের খাদ্য নিরাপত্তা বৃদ্ধি ও পুষ্টিস্তর উন্নয়নে নীতিমালা এবং কাঠামো গড়ে তোলার উদ্দেশ্যে এই শিক্ষাসফর আয়োজন করা হয়।

